

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
(উপজেলা-১ শাখা)
(www.lgd.gov.bd)

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং-৪৬. ০৪৬. ০১৮. ০০. ০০. ০৫৮. ২০১৪- ৪১২

তারিখ: ১৩ মার্চ ২০১৮

বিষয়: উপজেলা পরিষদের সংরক্ষিত আসনের মহিলা সদস্য পদে নবনির্বাচিত সদস্যদের শপথ গ্রহণ সম্পর্কিত নির্দেশনা।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে উপজেলা পরিষদের সংরক্ষিত আসনের মহিলা সদস্যদের ঘোষিত শূন্য পদে নবনির্বাচিত মহিলা সদস্যগণের শপথ গ্রহণ অনুষ্ঠান পরিচালনার জন্য উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ [উপজেলা পরিষদ (সংশোধন) আইন, ২০১১ দ্বারা সংশোধিত]-এর ৯ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে সরকার সংশ্লিষ্ট বিভাগীয় কমিশনারগণকে মনোনীত করিল।

২। বিভাগীয় কমিশনারগণ সরকারি গেজেটে নাম প্রকাশিত হওয়ার ৩০(ত্রিশ) দিনের মধ্যে নবনির্বাচিত উপজেলা পরিষদের সংরক্ষিত আসনের মহিলা সদস্যগণকে উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ [উপজেলা পরিষদ (সংশোধন) আইন, ২০১১ দ্বারা সংশোধিত]-এর বিধান অনুযায়ী শপথ অনুষ্ঠানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

৩। বিভাগীয় কমিশনারগণ উপজেলা পরিষদের নবনির্বাচিত সংরক্ষিত আসনের মহিলা সদস্যগণের শপথ গ্রহণ সম্পর্কিত প্রতিবেদন শপথ অনুষ্ঠানের ১০ (দশ) কার্যদিবসের মধ্যে স্থানীয় সরকার বিভাগে প্রেরণ করবেন।

৪। পরবর্তী আদেশ না দেয়া পর্যন্ত এ নির্দেশনা বলবৎ থাকবে।

(অমিতাভ সরকার)
যুগ্মসচিব
ফোন: ৯৫৪০৪৮৯

বিভাগীয় কমিশনার (সকল)

ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/সিলেট/বরিশাল/রংপুর/ময়মনসিংহ বিভাগ।

স্মারক নং-৪৬. ০৪৬. ০১৮. ০০. ০০. ০৫৮. ২০১৪-

তারিখ: ১৩ মার্চ ২০১৮

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ২। সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা।
- ৩। পরিচালক, স্থানীয় সরকার (সকল),.....বিভাগ।
- ৪। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। জেলা প্রশাসক (সকল),.....জেলা।
- ৬। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৭। উপজেলা নির্বাহী অফিসার (সকল),.....উপজেলা,.....জেলা।
- ৮। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইট প্রকাশের অনুরোধসহ)।

J.M.
১৩/৩/২০১৮ -
(ড. জুলিয়া মর্দন)
উপসচিব
ফোন: ৯৫৬২২৪৭